

# Lesson 8

## Sentence

### Objectives :



At the end of this lesson you will be able to :

- ⑤ realize the definition of sentence.
- ⑤ analyse the kinds of sentences
- ⑤ identify the examples of different sentences
- ⑤ find out affirmative and negative sentence

Sentence হল যথাযথ বিন্যাস অনুযায়ী সাজানো শব্দসমষ্টি যা পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করে। অন্যকথায়, কতকগুলো Word সুশৃঙ্খলভাবে ব্যবহৃত হয়ে যদি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করে তবে তাকে Sentence বলে। নিচের উদাহরণগুলো লক্ষ্য কর :

- Karim is a good boy. (করিম ভাল ছেলে)- কিছু বলা হল।
- Is Karim a good boy? (করিম কি ভাল ছেলে?)- কিছু জানতে চাওয়া হল।
- Never tell a lie. (কখনও মিথ্যা বলো না)- উপদেশ দেয়া হল।
- May Allah bless you. (আল্লাহ তোমার মঙ্গল করুন)- প্রার্থনা করা হল।
- How nice the bird is! (পাখিটি কি সুন্দর!) - বিস্ময় প্রকাশিত হল।

সুতরাং দেখা যায়, মনের ভাব বিভিন্নভাবে প্রকাশ করা যায়। একেকটি ভাব প্রকাশের সময় বাক্যে শব্দগুচ্ছকে একেকভাবে সাজাতে হয়। এভাবেই সৃষ্টি হয়েছে বিভিন্ন প্রকারের বাক্য।

উপরের বাক্যগুলোর প্রথম বাক্যে বিবৃতি প্রদান করা হয়েছে। দ্বিতীয় বাক্যে প্রশ্ন করা হয়েছে। তৃতীয় বাক্যে উপদেশ দেয়া হয়েছে। চতুর্থ বাক্যে প্রার্থনা করা হয়েছে এবং পঞ্চম বাক্যে আবেগ প্রকাশ করা হয়েছে।

অর্থ অনুসারে Sentence বা বাক্যকে মোট পাঁচ ভাগে বিভক্ত করা হয়। যেমন-

1. Assertive Sentence (বর্ণনা মূলক বাক্য)
2. Interrogative Sentence (প্রশ্নবোধক বাক্য)
3. Imperative Sentence (আদেশ/অনুজ্ঞাসূচক বাক্য)
4. Optative Sentence (ইচ্ছা, প্রার্থনা বা আশীর্বাদ সূচক বাক্য)
5. Exclamatory Sentence (বিস্ময় সূচক বাক্য)

উপরের এই পাঁচ প্রকারের Sentence নিয়ে এবার পৃথক পৃথক আলোচনা করা যাক।

### 1. ASSERTIVE SENTENCE (বর্ণনামূলক বাক্য)

যে Sentence কোন ঘটনাকে বর্ণনা করে বা স্বীকার করে তাকেই Assertive Sentence বলে। যেমন-

- a. This is a cow. (এই একটি গরু)
- b. Dina is singing a song. (দীনা একটি গান গাইতেছে)
- c. It is the time to sleep now. (এখন ঘুমানোর সময়)

উপরের বাক্যগুলো কোনো না কোন কিছুকে স্বীকার করছে, আবার বলা যায় কোনো ঘটনার বিবৃতি প্রদান করছে। তাই এগুলোকে বলা হয় Assertive Sentence.

## 2. INTERROGATIVE SENTENCE (প্রশ্নবোধক বাক্য)

যে বাক্য বা Sentence দ্বারা কোনো প্রশ্ন বুঝায় অর্থাৎ, যে বাক্য কোন ব্যক্তি বা বস্তু সম্পর্কে অথবা কোন কিছু সম্পর্কে জিজ্ঞাসা করে তাকে Interrogative Sentence বলে।

নিয়ম হলো এই Interrogative Sentence-এর প্রথমে what (কি), who (কে), whom (কাকে), which (কোনটি), why (কেন), when (কখন), How (কেমন) ইত্যাদি ব্যবহার করা হয়। যেমন-

- a. What is your name? (তোমার নাম কি?)
- b. Who is there? (ওখানে কে?)
- c. Which pen do you like? (কোন কলমটি তুমি পছন্দ কর?)

উপরের উদাহরণগুলোতে কোন কিছু সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছে। মনে রাখতে হবে, Interrogative Sentence এর শেষে প্রশ্নবোধক চিহ্ন বা Sign of Interrogation ব্যবহার করতে হয়।

## 3. IMPERATIVE SENTENCE (ইচ্ছা, প্রার্থনা বা আশীর্বাদ সূচক বাক্য)

যে Sentence বা বাক্য আদেশ (Order), নিষেধ, উপদেশ (Advice) এবং অনুরোধ (Request), নির্দেশ করে তাকে Imperative Sentence বলে।

Imperative Sentence-এর অনেক সময় কর্তা বা Subject-কে বাক্যে দেখা যায় না। কর্তা উহ্য থাকে তবে উহ্য না থাকলেও তার অস্তিত্ব বোঝা যায়। যেমন-

- a. Do it now (আদেশ)-এটা এখনি কর।
- b. Do not run in the sun. (উপদেশ)- রোদে ছুটাছুটি করো না।
- c. Kindly lend me your pen. (অনুরোধ) - দয়া করে তোমার কলমটা ধার দাও।

উপরের তিনটি বাক্যের মধ্যে প্রথম বাক্যে আদেশ, দ্বিতীয় বাক্যে উপদেশ এবং তৃতীয় বাক্যে অনুরোধের কথা বলা হয়েছে, তাই এগুলো Imperative Sentences.

## 4. OPTATIVE SENTENCE (ইচ্ছা, প্রার্থনা বা আশীর্বাদ সূচক বাক্য)

যে Sentence বা বাক্য কোন কিছু কামনা (ইচ্ছা অর্থে) প্রার্থনা আশীর্বাদ নির্দেশ করে তাকে Optative sentence বলে।

Optative sentence গঠনের আগে May বসে।

- May you be happy- (তুমি সুখী হও।)
- May God bless you- (ঈশ্বর তোমার মঙ্গল করুন।)
- Long live our President- (আমাদের প্রেসিডেন্ট দীর্ঘজীবী হোক।)

উপরের Sentence গুলোর কোনটির দ্বারা ইচ্ছা, কোনটির দ্বারা প্রার্থনা, আবার কোনটির দ্বারা আশীর্বাদ বুঝাচ্ছে, সুতরাং এর প্রতিটি Sentence এক একটি Optative Sentence.

## 5. EXCLAMATORY SENTENCE

(বিস্ময় সূচক বাক্য)

যে Sentence বা বাক্য মনের আকস্মিক অনুভূতিকে অর্থাৎ, আনন্দ, হঠাৎ দুঃখ, হঠাৎ বিস্ময়, হঠাৎ ঘৃণা ইত্যাদি নির্দেশ করে তাকেই Exclamatory Sentence বলে।

- What a nice bird it is! (পাখিটি কি সুন্দর!)
- Alas! my only brother is dead! (হায়! আমার একমাত্র ভাইটি মারা গেলো।)
- What a fool he is! (সে কি বোকার বোকা।)
- Fie! Fie! you are so dishonest! (ছি! ছি! তুমি একেবারে অসৎ।)

উপরে বাক্যগুলো Exclamatory-এর দৃষ্টান্ত। যেহেতু উপরের বাক্যগুলোতে হঠাৎ আবেগ বা অনুভূতি প্রকাশ পেয়েছে। এই বাক্যে আবেগসূচক চিহ্নও ব্যবহার করতে হয়।

উপরে পাঁচ রকমের sentence-ই আলোচনা করা হয়েছে। লক্ষ্য করলে দেখা যায় প্রত্যেকটি Sentence-কে আবার দু'ভাগে ভাগ করা যায়। এর একটি হলো স্বীকৃতিমূলক বা হ্যাঁ সূচক এবং অপরটি হলো অস্বীকৃতিমূলক বা না-সূচক।

যেমন- I am reading. (আমি পড়ছি।) এটি হ্যাঁ সূচক বাক্য। একটি ঘটনাকে স্বীকার করে নেয়া হচ্ছে। কিন্তু এটাকে যদি এভাবে বলা হয়- I am not reading (আমি পড়ছি না।) এখানে ঘটনাটি অস্বীকার করা হচ্ছে। এটি হলো না সূচক বাক্য।

ইংরেজিতে হ্যাঁ সূচক বাক্যকে বা Sentence-কে বলে Affirmative Sentence (হ্যাঁ সূচক বাক্য) আর না সূচক বাক্য বা Sentence কে বলে Negative Sentence (না সূচক বাক্য)।

একটি বাক্যকে হ্যাঁ সূচক থেকে না সূচক বাক্যে রূপান্তরিত করা যায় ইচ্ছা করলে। কিন্তু উপরের Sentence গুলোর মধ্যে একমাত্র Exclamatory বাক্য ছাড়া আর সবগুলো Sentence কে রূপান্তর করা যায়। অর্থাৎ, তাদের প্রত্যেকের দুটো করে রূপ আছে। যেমনঃ

- Affirmative (হ্যাঁ সূচক)
- Negative (না সূচক)

নিচে **Affirmative** ও **Negative** বাক্য দেখানো হলো।

- Aff. He is a boy.  
Neg. He is not a boy.
- Aff. Sabina will be happy.  
Neg. Sabina will not be happy.
- Aff. You are intelligent.

- Neg. You are not intelligent.
4. Aff. I have pens.  
Neg. I have no pens.
5. Aff. They will work hard.  
Neg. They will not work hard.
6. Aff. I had a red cow.  
Neg. I had no red cow./I did not have a red cow.
7. Aff. They have a ball.  
Neg. They have no ball / They do not have a ball.
8. Aff. He has a box.  
Neg. He has not a box / He has no box.
9. Aff. I can read a book.  
Neg. I can not read a book.
10. Aff. We may go there.  
Neg. We may not go there.
11. Aff. You should do the work.  
Neg. You should not do the work.
12. Aff. I must work for me.  
Neg. I must not work for me.
13. Aff. I play football everyday.  
Neg. I do not play fooball everyday.
14. Aff. We eat rice.  
Neg. We do not eat rice.
15. Aff. You should go there.  
Neg. You should not go there.

অতএব, দেখা গেল Sentence-এর মধ্যে not, no, do not, does not এবং did not যোগ করে Affirmative Sentence -কে Negative Sentence-এ রূপান্তরিত করা যায়। Negative করার সময় Noun-এর আগে no এবং অন্যসব স্থানে not বসে।